

গমের বীজ সংরক্ষণকালীন রোগ

রোগের কারণ :

সংরক্ষণকালীন সময়ে গম ফসলের বীজে প্রধানত *Aspergillus* ও *Penicillium* নামক ছত্রাক দুইটির বিভিন্ন প্রজাতির সংক্রমণ দেখা যায়।

ক্রটিপূর্ণ সংরক্ষণের কারণে গম ও অন্যান্য ফসলের বীজ ছত্রাক দ্বারা আক্রান্ত হয়। ফলে বীজ অঙ্কুরোদগমের ক্ষমতা হারিয়ে ফেলে বা সম্পূর্ণভাবে নষ্ট হয়ে যেতে পারে।



গমের বীজ সংরক্ষণকালীন রোগের লক্ষণ

দমন ব্যবস্থাপনা :

- ✓ সংরক্ষণের পূর্বে বীজ ভালোভাবে রোদে শুকিয়ে সংরক্ষণ করতে হবে (বীজের আর্দ্রতা ১২% বা তার কম)।
- ✓ ছিদ্রবিহীন পাত্রে ঠান্ডা জায়গায় বীজ সংরক্ষণ করতে হবে।
- ✓ দীর্ঘমেয়াদি সংরক্ষণের জন্য সংরক্ষণাগারে কম তাপমাত্রা ও কম আর্দ্রতা বজায় রাখতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।